



প্রযোজক রানী



টু ক রো

বলিউডের লেটেস্ট গুজব হচ্ছে রানী মুখার্জী অভিনয় ছেড়ে প্রযোজনায় নামছেন। নিউইয়র্কভিত্তিক একটি ছবি দিয়েই রানী প্রযোজকের খাতায় নাম লেখাতে যাচ্ছেন। কিন্তু রানী এ গুজবের কথা হেসেই উড়িয়ে দিয়েছেন। ‘অভিনেত্রী হিসেবে এখনো আমার অনেক কিছু দেয়ার আছে। আশা করি,

নির্মাতারা আমার অভিনয় ট্যালেন্ট এখনো : বলেন, ‘এ ছবিতে আমি প্রথমবারের মতো কমিক রোলে অভিনয়
কাজে লাগাতে ইচ্ছুক। আমি ভিনু ভিনু : করেছি। এ নিয়ে আমি খুব একসাইটেড। এখন আমি শুধু ফিল্ম ফিল্ম
চরিত্রে অভিনয় করে যেতে চাই। আর : আর ফিল্মে অভিনয় করে যেতে চাই।’

রানী মুখার্জী এখনই প্রযোজনায় না নামলেও আরেক অভিনেত্রী রাভিনা ট্যান্ডন

নিশ্চিতভাবেই প্রযোজনায় নামছেন। এরই মধ্যে তার হোম প্রোডাকশন থেকে ছবির নির্মাণ কাজ শুরু হয়ে গেছে। এখনো ছবির নাম ঠিক করেননি। তবে রাভিনা জানান, ‘নানা সম্পর্কের টানা পোড়েন নিয়েই ছবির কাহিনী।’ ছবিটি পরিচালনা করছেন শর্বানী দেওধার। প্রযোজনার পাশাপাশি রাভিনা অভিনয়ও করছেন এ ছবিতে। অন্য অভিনয় শিল্পীরা হচ্ছেন বিনোদ খান্না, রতি অগ্নিহোত্রী, সোনালী কুলকার্নী এবং সুধাংশু পাণ্ডে। মুক্তি প্রতীক্ষিত ‘অগ্নিবর্শা’ ছবিতে রাভিনা আর সোনালী প্রথম একসঙ্গে অভিনয় করেছেন। আর এ ছবিতে দু’ অভিনেত্রী দ্বিতীয়বারের মতো একসঙ্গে অভিনয় করতে যাচ্ছেন।

মারে ক’দিন হ্যালি বেরি বেশ বাজে সময় কাটিয়েছেন। মনে হচ্ছে সে সময়টা পেরিয়ে আসতে পেরেছেন এ অস্কারজয়ী কৃষ্ণাঙ্গ অভিনেত্রী। সমস্যাটা ছিলো তার স্বামী এরিক বেনেটকে নিয়ে। এরিক পরকীয়া করে বেড়াচ্ছিলেন বেরির অজান্তে। কিন্তু ঘটনা জানার পর এ হলিউড তারকা ভেঙে পড়েন। অন্যদিকে এরিক সেক্স অ্যাডিকশন থেকে মুক্তি পেতে ক্লিনিকে ছিলেন ক’দিন। সেখান থেকে এসেই বেরির কাছে ক্ষমা চেয়েছেন।

বেরি ক্ষমা করেছেন। আবার নতুন করে তারা সুখী সংসার শুরু করে ভালোই দিন কাটাচ্ছেন। তবে তাদের বন্ধু-বান্ধবরা উপদেশ দিচ্ছেন, এ দু’জনের নতুনভাবে জীবন শুরু করাটা সেলিব্রেট করার সবচেয়ে ভালো উপায় একটি সন্তান নেয়া। হ্যালি বেরিও তাই চান। কিন্তু এ ব্যাপারটা অস্কারজয়ী আরেক অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলির ক্ষেত্রে কাজে আসেনি।

শেখ মনজু

